গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা
www.mof.gov.bd

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০

নম্বর: ০৭.০০.০০০০.১৬১.৪০.০০২.১৩- ১০৯ তারিখ: ------------------

০৮ জুন ২০২৩

**বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট" এর ১৩ (তের)টি পদের বেতনগ্রেড নির্ধারণ।**

সূত্র: ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.০১৫৭.১৫.০২২.২৩-৮১, তারিখঃ ১৩/০৩/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট"-এর ১৩ (তের)টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতির প্রেক্ষিতে সৃজিত পদের বেতনগ্রেড নির্ধারণে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনেস্কল, (জা: বে: স্কে: ২০১৫) | সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধিমালা অনুযায়ী শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | যুগ্মমহাপরিদর্শক | ০১ (এক)টি | টা: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) উপমহাপরিদর্শক পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের পদে ১২ (বার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ২. | উপমহাপরিদর্শক | ০৪ (চার)টি | টা: ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সহকারী মহাপরিদর্শক (সেফটি), সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, আইন কর্মকর্তা বা লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ (এক)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণীর বা সমমানের Cumulative Granding Point Average (সিজিপিএ)-এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ-ত স্নাতক (সম্মান) ডিগ্রি। |

চলমান পাতা/০২

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ০৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ১২ (বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ০১ (এক)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম.বি.বি.এস ডিগ্রি/সমমানের ডিগ্রি (যা, বিডিএমসি কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত)<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরি |
| | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ০২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>শ্রম পরিদর্শক (সেফটি) পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরি |
| ৪. | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০১ (এক)টি | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা দ্বিতীয় শ্রেণী/সমতুল্য সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ হতে হবে।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক বা পরিসংখ্যান সহকারী, উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের ন্যূনতম ৮(আট) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ (এক)টি | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রাণিবিদ্যা, রসায়ন, প্রাণরসায়ন, ফার্মাসী, মাইক্রোবায়োলজি বা উদ্ভিদবিদ্যা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণী/সমতুল্য সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |

চলমান পাতা-০৩

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ (দুই)টি | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা। |
| মোট= ১৩ (তের)টি | | | | |

শর্তাবলিঃ

(ক) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড ৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;

(খ) সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধিমালা শীঘ্রই চূড়ান্ত করতে হবে;

(গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮/০৪/২০২৩ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৫৩.১৫.০১৯.২২-৬৫ নং স্মারক এবং অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৪/০৫/২০২৩ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩-৮১ নং স্মারকের সকল শর্ত প্রতিপালনপূর্বক পদের মঞ্জুরি আদেশ (জি.ও) প্রশাসনিক মন্ত্রণালয় হতে জারিক্রমে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে; এবং

(ঘ) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২০/০৬/২৩

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮০৭৮১

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি (সদয় অবগতির জন্য)

অতিরিক্ত সচিব
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
অর্থ বিভাগ